

সময়: ১ ঘন্টা ১৫ মিনিট

পূর্ণমান - ৫০

বহু নির্বাচনী অংশ - ৩০

১। আল কুরআন অর্থ কী ?

ক) পড়া খ) পাঠ করা গ) পঠিত ঘ) বিশ্বদ্ব

২। ইকলাবের হরফ কয়টি ?

ক) ৬ টি খ) ১৫ টি গ) ৩টি ঘ) ১টি

৩। পবিত্র কুরআনের মাধ্যম হালাল- হারাম রহস্য উদ্ভাসিত হয় তাই এক বলা হয়-

ক) আল ফুরকান খ) আল হুদা গ) আন নূর ঘ) আয যিকর

৪। “আমি এ কিতাবে কোন কিছুই বাদ দেই নি” কোন সূরার অংশ?

ক) আল মুযাম্মিল খ) আল বাকারা গ) আল আনআম ঘ) আল হিজর

৫। নূন সাকির ও তানভিনের পর ইখফার হরফ আসলে উক্ত নূন সাকিন ও তানভীনকে কীভাবে পড়তে হয় ?

ক) গোপন করে খ) মিলিয়ে গ) পরিবর্তন করে ঘ) স্পষ্ট করে

৬। তাজবিদ অনুসারে কুরআন তিলাওয়াত না করলে -

i) পাঠ কারীর গুনাহ হবে ii) নামায শুদ্ধ হয় না iii) আল্লাহর নির্দেশ অমান্য হয়।
নিচের কোনটি সঠিক

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i , ii ও iii

৭। সূরা আল কদর নাযিলের উদ্দেশ্য-

i) কুরআনের মহাত্ম্য, গুরুত্ব ও মর্যাদা বোঝানোর জন্য ii) জিবরাঈল (আঃ) এর মর্যাদা দান

iii) লাইলাতুল কদরের মর্যাদা বোঝানো

নিচের কোনটি সঠিক

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i , ii ও iii

৮। মীম সাকিনের নিয়ম কয়টি?

ক) ৪ টি খ) ৩টি গ) ২টি ঘ) ৬টি

৯। মীন খাইরিন কিসের উদাহরণ?

ক) ইখফা খ) ইযহার গ) ঈদগাম ঘ) ইকলাব

১০। “মাতলাউন” শব্দের অর্থ কী?

ক) হাজার খ) উদয় গ) মহিমা ঘ) অনুমতি

১১। সূরা যিলযাল পবিত্র কুরআনের কততম সূরা ?

ক) ৯৫ খ) ৯৬ গ) ৯৮ ঘ) ৯৯

নিচের অনুচ্ছেদটি পড় এবং ১২ ও ১৩ নং প্রশ্নের উত্তর দাও:-

শিহাব সাহেব একজন ইসলামিক পন্ডিত। তিনি সিদ্ধান্ত নিলেন গ্রামে একটি মাধ্যমিক বিদ্যালয় প্রতিষ্ঠা করবেন এবং সকল ধর্মের মানুষকে নিরক্ষরতা থেকে মুক্তি দিবেন।

১২। শিহাব সাহেবের এ ধরনের সিদ্ধান্তের মাধ্যমে কোন ধরনের ভ্রাতৃত্ব ফুটে উঠেছে-

ক) বিশ্বভ্রাতৃত্ব খ) ইসলামিক ভ্রাতৃত্ব গ) ঔরসজাত ঘ) সামাজিক ভ্রাতৃত্ব

১৩। শিহাব সাহেব এর সিদ্ধান্তের পতিফলন হচ্ছে-

i) মানুষ পরস্পর ভাই ভাই ii) সকলেই আদম সন্তান iii) ইসলামের দৃষ্টিতে সকল মানুষ সমান

নিচের কোনটি সঠিক

ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i , ii ও iii

১৪। “মিসকালুন ” শব্দের অর্থ কী?

ক) পরিমান খ) বিন্দু গ) খারাপ ঘ) বোবাসমূহ

নিচের অনুচ্ছেদটি পড় এবং ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও:-

‘ক’ সাহেব নূন সাকিন ও তানভীন এবং মিম সাকিন এর নিয়ম গুলো পড়ে জানতে পেরেছে এই দুইটি নিয়মের মধ্যে একটি পার্থক্য রয়েছে। সহিহ শুদ্ধভাবে কুরআন মাজিদ পাঠ করা সাওয়াবের কাজ।

১৫। ‘ক’ সাহেব মীম সাকিনের মধ্যে কোন পদ্ধতিটি অনুউপস্থিত পেয়েছেন ?

ক) ইযহার খ) ক্বালব গ) ইখফা ঘ) ঈদগাম

১৬। আল কুরআন তিলাওয়াত করা হয়-

i) আল্লাহর সম্বন্ধে লাভের জন্য ii) অন্যকে শিখানোর জন্য iii) নেকি লাভের জন্য

নিচের কোনটি সঠিক

ক) i খ) ii গ) i ও iii ঘ) i , ii ও iii

১৭। পাঠ করুন! আপনার প্রতিপালকের নামে, যিনি সৃষ্টি করেছেন- এ বানীটি শিক্ষা দেয় সমাজকে মুক্ত করতে -

ক) দারিদ্র্য থেকে খ) নিরক্ষরতা থেকে গ) কুসংস্কার থেকে ঘ) অশীলতা থেকে

১৮। আল কুরআনে কতটি সিজদাহ রয়েছে-

ক) ৭ টি খ) ১২ টি গ) ১৪ টি ঘ) ৩০ টি

১৯। মানবজীবনের সফলতার চাবি কাঠি কোনটি?

ক) সমাজ সেবা খ) আমানত গ) পরমত সহিষ্ণুতা ঘ) ধৈর্য

২০। ভ্রাতৃত্ব আরবি প্রতিশব্দ কোনটি?

ক) সবর খ) উখওয়াতুন গ) খুলুকুন ঘ) খিদমাতুন

২১। মহানবী (সাঃ) ইমানদারগনকে পরস্পর পরস্পর কীসের সাথে তুলনা করেছেন ?

ক) দেহ খ) ইমারত গ) ঘর ঘ) পৃথিবী

২২। “নিশ্চয়ই মুমিনগন ভাই ভাই ” কোন সূরার অংশ ?

ক) আল বাকারা খ) আল ইমরান গ) আল হুজুরাত ঘ) সূরা লুকমান

২৩। সূরা যিলযালের শিক্ষা হলো-

i) ক্ষুদ্র ক্ষুদ্র পাপ- পুন্য লেখা হয় ii) সমস্ত পৃথিবী ধ্বংস হবে iii) শান্তি ও রহমত বর্ষিত হবে

নিচের কোনটি সঠিক

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i , ii ও iii

২৪। উন্নত জাতীর জীবনী শক্তি কোনটি?

ক) ধৈর্য খ) ভ্রাতৃত্ব গ) সমাজ সেবা ঘ) আখলাক

২৫। আখলাক শব্দটি কোন শব্দের বহুবচন?

ক) সুদুকুন খ) খাসিরুন গ) খুলুকুন ঘ) ইখওয়াতুন

২৬। “উত্তম চরিত্রই হলো সকল নেক কাজের মূল কথা - এ বানীটি কোন কিতাবের হাদিস ?

ক) বুখারী খ) মুসলিম গ) ইবনে মাজাহ ঘ) তিরমিযি

২৭। আল কুরআনের বহু জ্ঞানের কথাগুলো হযরত শাহ ওয়ালী উল্লাহ (রহঃ) কয়ভাগে বিভক্ত করেছেন?

ক) তিন খ) চার গ) পাঁচ ঘ) সাত

২৮। সূরা আল কদরের আয়াত সংখ্যা কত?

ক) ৫ খ) ৭ গ) ৮ ঘ) ১১

২৯। ধৈর্যের কয়টি স্তর রয়েছে ?

ক) তিন খ) চার গ) পাঁচ ঘ) সাত

৩০। গুল্লাহ ছাড়া ইদগামের কয়টি অক্ষর পড়তে হয়?

ক) ৪ টি খ) ৩ টি গ) ২ টি ঘ) ১ টি

সৃজনশীল অংশ- ২০

** নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও:

১। “ক” পবিত্র কুরআনের শিক্ষা অনুযায়ী তার জীবনকে গড়ে তুলতে চায়। এ জন্য সে প্রথমে তার বাবার কাছ থেকে শুদ্ধভাবে কুর আন তিলাওয়াতের লক্ষ্যে নুন সাকিন ও তানবীনের নিয়ম গুলো শিখে নেয়। সাথে সাথে সে আল কুরআনের যাবতীয় জ্ঞানের ভান্ডার তা জানার জন্য অর্থসহ কুরআন অধ্যয়ন শুরু করে।

ক) ইলমুল আহকাম কী? ১
খ) আলকুরআনকে কেন কুরআন নামে নামকরণ করা হয়েছে- ব্যাখ্যা কর। ২
গ) ‘ক’ তার বাবার কাছ থেকে কুরআন পড়ার যে নিয়ম গুলো শিখেছে - তা ব্যাখ্যা কর। ৩
ঘ) “আল কুরআন যাবতীয় জ্ঞানের ভান্ডার” এ উক্তিটি তোমার পাঠ্য বইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

২। সেলিম ও কলিম দুই বন্ধু। তারা উভয়ে উন্নত চরিত্রের অধিকারী। কিছু দিন পূর্বে সেলিমের পিতা মারা যান। এতে সে নিজকে আত্ম নিয়ন্ত্রন করে পিতার জন্য দোয়া করতে থাকেন। পক্ষান্তরে বন্ধু সেলিম এর পিতার মৃত্যুতে অত্যন্ত ব্যথিত হন এবং তার বন্ধুর দুঃখ কষ্টের সময় তার পাশে অবস্থান করে।

ক) ভ্রাতৃত্ব আরবি প্রতিশব্দ কী? ১
খ) উত্তম চরিত্রই হলো সকল নেক কাজের মূল কথা - এ বানীটি ব্যাখ্যা কর। ২
গ) সেলিমের মাঝে আখলাকে হামিদাহ এর কোন গুণটি ফুটে ওঠেছে - ব্যাখ্যা কর। ৩
ঘ) কলিমের চরিত্রে যে ধরনের ভ্রাতৃত্ব প্রকাশ পেয়েছে- তা চিহ্নিত করে তার তাৎপর্য বিশ্লেষণ কর। ৪